

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর গোপনীয় শাখা

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়  
ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪  
[www.munshiganj.gov.bd](http://www.munshiganj.gov.bd)

নম্বর- ০৫.৩০.৫৯০০.২০১.৩১.০০১.২৪-৩৯

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১  
১২ মে ২০২৪

### বিজ্ঞপ্তি

ষষ্ঠ জাতীয় উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন এর ২য় পর্যায়ে আগামী ২১ মে ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী ও লৌহজং উপজেলা পরিষদ নির্বাচন সংক্রান্ত সংবাদ সংগ্রহে আগ্রহী সাংবাদিক/গণমাধ্যম কর্মীদের জানানো যাচ্ছে যে, সংশ্লিষ্ট নির্বাচনি এলাকা (জেলা/উপজেলা) হতে প্রকাশিত পত্রিকা এবং জাতীয় দৈনিক, টেলিভিশন, আইপিটিভি-এর স্থানীয় প্রতিনিধি এবং স্থানীয় পর্যায়ের সাংবাদিকদের কার্ড ও মোটরযানের স্টিকার নিম্নলিখিত শর্তসাপেক্ষে প্রদান করা হবে।

- নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যম কর্মী বাছাইয়ের ক্ষেত্রে নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখা কর্তৃক ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে জারীকৃত ১৭.০০.০০০০.০৪০.৪১.০১০.২১.২৪৩ স্মারকমূলে প্রকাশিত 'নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যম কর্মীদের জন্য নীতিমালা (সংশোধিত)' অনুসরণ করা হবে।
- সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে নিউজ এডিটর/চিফ রিপোর্টার/বার্তা প্রধান/ব্যুরো প্রধান/জেলা প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত আবেদন দাখিল করতে হবে।
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে কতজন সাংবাদিকের এ্যাসাইনমেন্ট দেয়া হলো তাদের নাম, পদবি, মোবাইল নম্বর, প্রতিষ্ঠানের সাংবাদিক পরিচয়পত্র ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে হালনাগাদ সাংবাদিক পরিচয়পত্র/পিআইডি কার্ড, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ১ (এক) কপি ও স্ট্যাম্প সাইজের ১ (এক) কপি রজিন ছবি সংযুক্ত করতে হবে।
- টেলিভিশনের সাংবাদিকদের প্রযুক্তিগত সহায়তা করার জন্য সাপোর্ট স্টাফ (মিডিয়া) পরিচয়পত্রের জন্য একই পদ্ধতিতে আবেদন করতে হবে।
- গাড়ি/মোটর সাইকেলের স্টিকারের জন্য সংশ্লিষ্ট সাংবাদিককে স্ব স্ব প্রতিষ্ঠানের নিয়োগপত্র/পিআইডি কপি, এনআইডি কপি, ডাইভিং লাইসেন্স, গাড়ি/মোটর সাইকেলের রেজিস্ট্রেশন ও ফিটনেস সার্টিফিকেটসহ আবেদন করতে হবে।
- যাচাই-বাছাইয়ের প্রয়োজনে সর্বশেষ প্রকাশিত এক সপ্তাহের পত্রিকা/সাপ্তাহিকের ক্ষেত্রে সর্বশেষ প্রকাশিত ৩ টি সংখ্যা দাখিল করার জন্য প্রস্তুত রাখতে হবে। এছাড়াও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যবহৃত কার্ড এর কপি (যদি থাকে) সংযুক্ত করতে হবে।

০২. এমতাবস্থায়, আগামী ১৬ মে ২০২৪ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে উল্লিখিত নিয়মে সংশ্লিষ্টদের রিটার্নিং অফিসার বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো। অনুমোদনযোগ্য গণমাধ্যম কর্মীদের রিটার্নিং অফিসার/ক্ষমতাপ্রাপ্ত অফিসারের স্বাক্ষর ও সিল সম্বলিত সাংবাদিক কার্ড ও গাড়ির স্টিকার ১৯ মে ২০২৪ তারিখ এ কার্যালয় হতে গ্রহণ করতে হবে।

স্বাঃ

আশরাফুল আলম  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ

ও

রিটার্নিং অফিসার  
ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪  
(টংগিবাড়ী ও লৌহজং উপজেলা)

ফোন: ০২-৯৯৭৭৩১১০২

E-mail: [adcgeneralmunshiganj@gmail.com](mailto:adcgeneralmunshiganj@gmail.com)/  
[adcgmunshiganj@mopa.gov.bd](mailto:adcgmunshiganj@mopa.gov.bd)


নম্বর: ০৫.৩০.৫৯০০.২০১.৩১.০০১.২৪-৩৯/১(১৪)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১  
১২ মে ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ ও আপিল কর্তৃপক্ষ
- ০৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
- ০৫। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
- ০৬। জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, টংগিবাড়ী/লৌহজং, মুন্সীগঞ্জ

- ০৮। জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ  
০৯। অফিসার ইন-চার্জ, টংগিবাড়ী/লৌহজং থানা, মুন্সীগঞ্জ  
১০। ..... মুন্সীগঞ্জ  
১১। অফিস কপি।

  
২৫/০৭/২৪

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ

ও

রিটার্নিং অফিসার

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪